

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ মাঘ ১৪২০/২১ জানুয়ারি ২০১৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.০৫৩—প্রধানমন্ত্রীর কার্যালয়ে চুক্তির ভিত্তিতে নিয়োজিত সিনিয়র সচিব মোল্লা ওয়াহেদুজ্জামান দীর্ঘ ৩৩ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৬ জানুয়ারি ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেন। কর্মজীবনে তিনি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য তাঁকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন এবং প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান হিসাবে নূতন দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করে মন্ত্রিসভার ০৩ মাঘ ১৪২০/১৬ জানুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

২। মোল্লা ওয়াহেদুজ্জামানকে ধন্যবাদ জ্ঞাপন এবং তাঁর সাফল্য কামনা করে মন্ত্রিসভার ০৩ মাঘ ১৪২০/১৬ জানুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা
মন্ত্রিপরিষদ সচিব

(৪৯৫)
মূল্য : টাকা ৪.০০

মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : $\frac{০৩ \text{ মাঘ } ১৪২০}{১৬ \text{ জানুয়ারি } ২০১৪}$

প্রধানমন্ত্রীর কার্যালয়ে চুক্তির ভিত্তিতে নিয়োজিত সিনিয়র সচিব মোল্লা ওয়াহেদুজ্জামান দীর্ঘ ৩৩ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৬ জানুয়ারি ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে তাঁর ওপর অর্পিত দায়িত্ব পালন করেছেন। প্রধানমন্ত্রীর কার্যালয়ের সিনিয়র সচিব হিসাবে তাঁর সেবা ও কর্তব্যপরায়ণতা প্রশংসার দাবিদার। দেশ ও জাতির কল্যাণে উল্লেখযোগ্য অবদান রাখার জন্য মন্ত্রিসভা তাঁকে আন্তরিক ধন্যবাদ জানাচ্ছে এবং সেই সঙ্গে প্রাইভেটাইজেশন কমিশনের চেয়ারম্যান হিসাবে নূতন দায়িত্ব পালনের ক্ষেত্রে তাঁর সর্বাঙ্গীণ সাফল্য কামনা করছে।